

2 0 1 6

ELECTIVE BENGALI

Full Marks : 60

Time : 3 hours

The figures in the margin indicate full marks
for the questions

১। নির্দেশানুসারে উত্তর দাও :

১×৭=৭

(ক) “জামাতা-গৌরব-হেতু আসিয়া সঞ্জয়কেতু
সবারে করিলা সজ্জাষণ।”

সঞ্জয়কেতুর ‘জামাতা’ কে?

(খ) ‘খুল্লরা বেচয়ে খড়্গ দরে এক _____।’
(শূন্যস্থান পূরণ করো)

(গ) কালকেতুর হাত থেকে পশুদের বাঁচাতে চণ্ডী কোন্ ছদ্মবেশ
ধারণ করেছিলেন?

(ঘ) “শিশুকালে কুতূহলী পতঙ্গেরে দিয়া শূলী
ব্যোমপথে করাল্য গমন।”

‘ব্যোম’ শব্দের অর্থ কী?

(2)

- (ঙ) অন্নদা কার ছদ্মবেশ ধারণ করে ব্যাসদেবকে হলনা করেছিলেন ?
- (চ) ব্যাসদেবের মায়ের নাম কী ?
- (ছ) “দামাল ছাবাল দুটি অন্ন চাহে ভূমে লুটি।”
‘দামাল’ শব্দের অর্থ লেখো।

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) ভাঁড়ুদত্তের পিতা ও পিতামহের নাম লেখো।
- (খ) “রাশ্মিবে বনাতি শাক হাঁড়ি দুই তিন।”
কে, কাকে একথা বলেছিলেন ?
- (গ) “অন্নপূর্ণা ক্রোধমনে শাপ দিল দুই জনে।”
অন্নপূর্ণা কাদের শাপ দিয়েছিলেন ?
- (ঘ) “কি দোষ করিল তোর কাশীবাসিগণ।
কেন শাপ দিলি, অরে বিটুলা বামন ॥”
বক্তা কে? কাকে তিনি ‘বিটুলা বামন’ বলেছেন ?

৩। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও (যে কোনো তিনটি) :

৫×৩=১৫

- (ক) ‘চণ্ডীমঙ্গল’ কাব্যে কালকেতুর ভোজনদৃশ্যটির বিবরণ দাও।
- (খ) বর্ষায় বিপর্যস্ত কলিঙ্গবাসীরা কীভাবে নিজেদের খেদ ব্যক্ত করেছিল লেখো।

(3)

- (গ) ‘অন্নদামঙ্গল’ কাব্যের ‘হরগৌরীকন্দল’ অংশ অবলম্বনে ‘কন্দল’-এর বিবরণ দাও।
- (ঘ) ‘ব্যাসবর্ণন’ অংশ অবলম্বনে ব্যাসদেবের চেহরার বর্ণনা দাও।
- (ঙ) “ফুল্লরা বীরেরে বলে আগে তুমি ভাল ছিলে
ইবে প্রভু নষ্ট কৈলে মতি।
আনিলে পরের নারী অতিশয় মনোহারী
শুনিলে বধিবে নরপতি ॥”
(কালকেতুর প্রতি ফুল্লরার উপদেশ)

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি
প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) মুকুন্দরাম দুঃখবাদের কবি কি না তা ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যের পাঠ্য অংশ থেকে উপযুক্ত উদাহরণ দিয়ে বোঝাও।
- (খ) পাঠ্য অংশ থেকে উদাহরণ দিয়ে ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যে কৌতুক ও হাস্যরসের পরিচয় দাও।
- (গ) ফুল্লরার বারোমাসের দুঃখ কীভাবে বর্ণিত হয়েছে তা লেখো।

খ—শুচছ

- (ঘ) 'অন্নদামঙ্গল' কাব্যের শিব চরিত্রটি আলোচনা করো ।
- (ঙ) কাহিনী বিন্যাস, দেবদেবীর মহিমা প্রকাশে ও চরিত্ররূপ কল্পনায় ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্য কীভাবে 'নৃতন-মঙ্গল' হয়ে উঠেছে তা দেখাও ।
- (চ) 'অন্নদামঙ্গল' কাব্যের ব্যাসদেব ও গঙ্গা কাহিনীবৃত্তটির বিবরণ দাও ।
